

নাগরিক সেবায় সমবায় অধিদপ্তর এর উদ্ভাবনী উদ্যোগ

১. উদ্যোগের নামঃ নিবন্ধনের পূর্বে প্রশিক্ষণ প্রদান ও টেকসই সমবায় সমিতি গঠন।

১.১ বাস্তবায়ন এলাকাঃ

পঞ্চগড় সদর, মাগুরা সদর, মনিরামপুর এবং দিনাজপুর সদর।

১.২ বিষয়বস্তুঃ

স্থানীয় পেশা ও চাহিদার প্রেক্ষিতে কার্যকর ও টেকসই সমবায় সমিতি গঠনের মাধ্যমে সমিতির সদস্যদের উৎপাদিত কৃষি ও অকৃষি পণ্য বাজারজাতকরণ, আয়বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি তথা আর্থ-সামাজিক উন্নয়ন।

১.৩ সেবার ধরণঃ

- সমবায় সমিতি নিবন্ধনের পূর্বে প্রশিক্ষণ প্রদান। সমবায় আইন, বিধি এবং উপ-আইন অনুযায়ী নিবন্ধন সংক্রান্ত রেকর্ড প্রস্তুতে সহযোগিতা করা।
- সমিতির সদস্যদের স্থানীয় পর্যায়ে সমস্যা/চাহিদা অনুযায়ী বাস্তব সম্মত প্রশিক্ষণ প্রদান।
- সমিতির সদস্যদের উৎপাদিত পণ্য ন্যায্যমূল্যে বাজারজাতকরণে সহযোগিতা।

১.৪ ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- অনলাইন রেজিস্ট্রেশন সিস্টেম চালু করা।
- সমিতির নিজস্ব ডাটাবেইজ তৈরীর মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা।
- সমিতির সদস্যদের উৎপাদিত পণ্য অনলাইনে বিপণনের ব্যবস্থা করা।

২. উদ্যোগের নামঃ “ভিডিও ট্রেনিং অ্যাপস এর মাধ্যমে সমবায়ীদের সহজ পদ্ধতিতে প্রশিক্ষণ”

২.১ বাস্তবায়ন এলাকাঃ

খামরাই, মুন্সিগঞ্জ সদর এবং টংগীবাড়ি।

২.২ বিষয়বস্তুঃ

সমবায়ীদের গঠনমূলক কার্যকরী প্রতিক্রিয়াশীল এবং সহজে বোধগম্য পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান।

২.৩ সেবার ধরণঃ

বিভিন্ন ভিডিও অ্যাপসের মাধ্যমে সমবায় সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান।

২.৪ ভবিষ্যৎ পরিকল্পনাঃ

কার্যকর প্রশিক্ষণ এর মাধ্যমে সমবায়ীদের কর্মসংস্থান সৃষ্টি, আয়বৃদ্ধি এবং আর্থ-সামাজিক উন্নয়ন।

৩. উদ্যোগ এর নামঃ "বিষয়ভিত্তিক প্রশিক্ষণ ও কর্মসংস্থান সৃষ্টি"

৩.১ বাস্তবায়ন এলাকাঃ উজিরপুর।

৩.২ বিষয়বস্তুঃ

স্থানীয় চাহিদা, সম্পদ এবং সম্ভাবনার উপর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সদস্যদের কর্মসংস্থান এর সুযোগ সৃষ্টি।

৩.৩ সেবার ধরণঃ

- সমিতির সদস্যদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি তথা আর্থ-সামাজিক উন্নয়ন।
- দক্ষ ও প্রশিক্ষিত সমবায়ী গঠন।

৩.৪ ভবিষ্যৎ পরিকল্পনাঃ

অটোমোবাইল, কৃষি যন্ত্রপাতি মেরামত, মোবাইল এবং কম্পিউটার সার্ভিসিং ইত্যাদি বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান

৪. উদ্যোগের নামঃ "সমবায় সমিতি গঠন ও দ্রুত নিবন্ধন"

৪.১ বাস্তবায়ন এলাকাঃ

শেরপুর গাবতলী, পুঠিয়া, সিংড়া, বদরগঞ্জ এবং পিরোজপুর সদর।

৪.২ বিষয়বস্তুঃ

সমবায় সমিতি নিবন্ধনের পূর্বে নিবন্ধন প্রত্যাশীদের সমবায় সম্পর্কিত ধারণা ও প্রাক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সমিতি গঠন এবং নিবন্ধন প্রক্রিয় দ্রুতকরণ।

৪.৩ সেবার ধরণঃ

- সমবায় সমিতির নিবন্ধন বিষয়ে হেল্প ডেস্ক স্থাপনের মাধ্যমে সমবায় এবং নিবন্ধন সম্পর্কে ধারণা প্রদান।
- প্রাক-নিবন্ধন প্রশিক্ষণ প্রদান।

৪.৪ ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- সমবায় সমিতিগুলোকে টেকসই করার জন্য সদস্যদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান। উপজেলা/জেলা ওয়েব পোর্টালে নিবন্ধন সংক্রান্ত সকল তথ্যাদি প্রদান।
- উপজেলার নিবন্ধিত সমবায় সমিতিগুলির ডাটাবেজ তৈরী।

